DEC. 11 2001

দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৩ কলাম ২

# মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের কোর্স কারিকুলামের ব্যাখ্যা

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গত রবিবার এক বিজ্ঞপ্তিতে বলেন, সম্প্রতি জাতীয় দৈনিকসমূহে বিশ্ববিদ্যালয়ের কোর্স কারিকুলামের ব্যাপারে যে সংবাদ প্রকাশিত হয়েছে সে ব্যাপারে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানায়, পূর্বের বিএমডিসি কর্তৃক স্বীকৃত কোর্স কারিকুলাম অনুযায়ী মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর কোর্সসমূহ ২০০২ শিক্ষাবর্ষ থেকে চালু করার লক্ষ্যে

(১৪শ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের

(৩য় পৃঃ পর)

ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। তবে চলমান কোর্সসমূহের ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের বেলায় এই সিদ্ধান্ত প্রযোজ্য হবে না। তাদের কোর্স সম্পন্ন করার ক্ষেত্রে যাতে কোনো সমস্যার সৃষ্টি না হয় সে ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে। ৬ই ডিসেম্বর স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় জারিকৃত প্রজ্ঞাপনের উপর ভিত্তি করে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন শিক্ষা কার্যক্রম পর্যালোচনার জন্যে নবনিযুক্ত ভিসি অধ্যাপক এম এ হাদীর সভাপতিত্বে একাডেমিক কাউন্সিলের দশম সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়।

বিএমডিসি'র অনুমোদন ব্যতীত এই বিশ্ববিদ্যালয়ের কোর্স কারিকুলামে ভর্তিকৃত চিকিৎসকগণের ডিগ্রীর ব্যাপারে কোনো রেজিস্ট্রেশনও পাওয়া যাবে না এবং ডিগ্রীর রেজিস্ট্রেশন না পাওয়া গেলে ঐ সকল চিকিৎসক দেশের কোথাও প্রাকটিস করতে পারবেন না। এ কারণে বর্তমান কোর্স কারিকুলাম বাতিলের সিদ্ধান্ত নেয়া হয়। এছাড়া ১৮ই নভেম্বরের আদেশ অনুযায়ী মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর কোর্সসমূহ এই বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত থাকবে। কিন্তু এই বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর কোর্স ব্যতীত অন্যান্য মেডিক্যাল কলেজ/ইনষ্টিটিউটসমূহের স্নাতকোত্তর কোর্স পূর্বের ন্যায় সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত থাকবে এবং উক্ত কোর্সসমূহের জন্য বিএমডিসি কর্তৃক স্বীকৃত কারিকুলাম পূর্বের ন্যায় অনুসৃত থাকবে। তবে চলমান কোর্সসমূহ কোর্সের মেয়াদ শেষ না হওয়া পর্যন্ত এই বিশ্ববিদ্যালয়ের সাথে অধিভুক্তি বহাল থাকবে। সুতরাং নতুন কোর্সে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের রেসিডেন্সি প্রোগ্রামসমূহে প্রচলিত সুযোগ-সুবিধা বহাল থাকবে। সভায় বিশ্ববিদ্যালয়ের সকল ডীন ও বিভাগীয় চেয়ারম্যানসহ একাডেমিক কাউন্সিলের অন্যান্য সদস্যগণ উপস্থিত ছিলেন।